# উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ-

সভাপতির নাম ঃ জনাব মোঃ শাহিন আলম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

তারিখ ও সময় ঃ ২৪/০৫/২০২৬ খ্রিঃ তারিখ, সকাল: ১০.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক দেখানো হলো

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

অতপরঃ সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা, চুয়াডাঙ্গা, উপপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা মহোদয়ের ২১/০৫/২০২৬খ্রিঃ তারিখের ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৬/৬৮৪ নং স্মারক মূলে দামুড়হুদা উপজেলার (প্রান্তিক ও ক্ষুদ্র) কৃষকদের জন্য প্রণোদনা সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করে শুনান। উপজেলা কৃষি অফিসার জানান, ২০২৫-২০২৬ অর্থ বছরে শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ) আবাদ বৃদ্ধির জন্য প্রান্তিক ও ক্ষুদ্র (প্রয়োজনে মাঝারি কৃষক) কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ(কন্দ), রাসায়নিক সার, বালাইনাশক এবং সংরক্ষণ পাত্র সহায়তা প্রণোদনা কর্মসূচীর আওতায় ৫০ (পঞ্চাশ) জন কৃষকের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচীর আওতায় দামুড়হুদা উপজেলার অনুকুলে ৫০ (পঞ্চাশ) জন শীতকালীন পেঁয়াজ বীজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। ৫০ (পঞ্চাশ) জন উপকারভোগী কৃষক পরিবার ২০ শতক জমির জন্য ১৬০ কেজি বীজ (কন্দ), ২০(বিশ) কেজি ডিএপি, ২০(বিশ) কেজি এমওপি সার, ১ কেজি বালাইনাশক ও ১(এক)টি বীজ সংরক্ষণের পাত্র সহায়তা পাবেন। ১জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ২০ শতক জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত অনুমোদিত অগ্রাধিকার তালিকা তৈরী করবেন। কৃষক প্রতি মিনি প্যাকের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৮০০ কেজি বীজ(কন্দ), ৫০ কেজি ওজনের ২(দুই) বস্তা ডিএপি সার, **৫০ কেজি ওজনের ২(দুই) বস্তা এমওপি সার(অনুদানপ্রাপ্ত সাপেক্ষে)** বিতরণ করতে হবে। কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর দপ্তর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরন কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সভায় প্রণোদনা প্যাকেজ ২০২৫-২০২৬ অর্থ বছরে শীতকালীন পেঁয়াজ বীজ(কন্দ) এর নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০১**

উপজেলায় ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় শীতকালীন পেঁয়াজ বীজ আবাদী এলাকার ভিত্তিতে প্রণোদনার বিভাজন নিম্নলিখিত ভাবে করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাজন নিম্নরূপঃ-

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা | প্রান্তিক/ ক্ষুদ্র কৃষকের সংখ্যা | বীজের পরিমান (কেজি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জুড়ানপুর | ০ | ০ | আবাদী জমি ও কৃষকের চাহিদার ভিত্তিতে |
| ২ | নতিপোতা | ৫ | ৮০০ | |
| ৩ | নাটুদহ | ৫ | ৮০০ | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ১৫ | ২৪০০ | |
| ৫ | কুড়ুলগাছি | ১৫ | ২৪০০ | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ১০ | ১৬০০ | |
| ৭ | হাউলী | ০ | ০ | |
| ৮ | দামুড়হুদা | ০ | ০ | |
| ৯ | দর্শনা পৌরসভা | ০ | ০ | |
| | মোটঃ | ৫০ জন | ৮০০০ কেজি | |

**সিদ্ধান্ত -০২**

সংশিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা, ক্ষুদ্র ও প্রান্তিক (প্রয়োজনে মাঝারি কৃষক) নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। সংশিষ্ট ব্লকের উপসহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথ ভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারীর কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষকের স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এত প্রতিস্বাক্ষর করবেন এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৩**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৪**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত করার পর "কৃষক তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা **সফটকপি** উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট **ই-মেইল** এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক যারা শীতকালীন পেঁয়াজ বীজ(কন্দ) আবাদে অগ্রহী কেবল মাত্র তাদের তালিকায় অর্ন্তভুক্ত করতে হবে।
খ) পরবর্তীতে যাচাই-বাচাই এর ভিত্তিতে কৃষক তালিকা সমন্বয় করা যেতে পারে।
গ) কৃষকের জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।
ঘ) ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

**সিদ্ধান্ত -০৫**

স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল জাতের শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ) বিএডিসি/স্থানীয় কৃষক বীজ উদ্যোক্তা/যেকোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী হতে নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৬**

২০২৫-২০২৬ অর্থ বছরে শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ), সার ও আনুসাংগিক ব্যয় বাবদ কৃষি পুনর্বাসন সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন ও দেওয়া হয়।

কমিটি নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- | আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার , দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- | সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- | সদস্য |

* বিভাজন-ক ২০২৫-২০২৬ অর্থ বছরে শীতকালীন পেঁয়াজ বীজ(কন্দ) আবাদ বৃদ্ধির নিমিত্তে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা কৃষি প্রণোদনা কর্মসূচীর বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারী বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

(মোঃ শাহিন আলম)
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.০১.১৮৩১.০০০.০০৯.০৬.০০০২.২৫.৪৭৮ তারিখ ঃ- ০১/০৬/২০২৬খ্রি।

২৪/০৫/২০২৬খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে শীতকালীন পেঁয়াজ বীজ(কন্দ) কৃষি প্রণোদনা কর্মসূচির কার্যবিবরণীর অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

১) মেয়র/প্রশাসক দর্শনা পৌরসভা।

২-৮) চেয়ারম্যান/প্রশাসক (সকল) ..................................ইউপি।

৯-২৫) **উপসহকারী কৃষি কর্মকর্তা,** (সকল) জনাব ......................................ব্লক......................... । আপনাকে প্রণোদনা প্যাকেজের আওতায় "কৃষক তথ্য ছক" পূরণ করে **(সফটকপি ও হার্ডকপি)** অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ১০/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০১(এক) কপি কৃষক অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

০১.০৬.২৬

(শারমিন আক্তার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।